

( প্রেস রিলিজ)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
( মাননীয় মন্ত্রীর দপ্তর)

ইউনিয়ন পর্যায়ে শক্তিশালী ও স্বাবলম্বী স্থানীয় সরকার ব্যবস্থা তৈরি করতে হবে - স্থানীয় সরকার মন্ত্রী

ঢাকা, ১৬ জুলাই, ২০২৩ ইং, রবিবার।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম বলেছেন, তৃণমূল মানুষের কাছে সরকারি সেবা পৌঁছে দেওয়ার মাধ্যম হচ্ছে ইউনিয়ন পরিষদ। প্রান্তিক মানুষের সকল সুবিধা ও অসুবিধা সমাধানে ইউনিয়ন পরিষদই তাদের ভরসার জায়গা। তাই ইউনিয়ন পর্যায়ে শক্তিশালী ও স্বাবলম্বী স্থানীয় সরকার ব্যবস্থা গড়ে তুলতে হবে।

তিনি আজ মন্ত্রণালয়ে স্থানীয় সরকার বিভাগ সম্মেলন কক্ষে বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সমিতির এক প্রতিনিধি দলের সাথে মতবিনিময় কালে এ কথা বলেন। সারাদেশে স্থানীয় সরকার দিবস পালনের প্রস্তুতি হিসেবে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

আর্থিকভাবে স্বয়ংসম্পূর্ণ ইউনিয়ন পরিষদ কার্যকর করা গেলে ইউনিয়নের নিজেদের অনেক সমস্যা তারা নিজেসই করতে পারবে বলে উল্লেখ করেন মন্ত্রী। এ সময় স্থানীয় সরকার ব্যবস্থাপনায় দক্ষিণ কোরিয়ার নিউ কমিউনিটি মুভমেন্টের কথা উল্লেখ করে তিনি বলেন, আমাদেরও অনুরূপ একটি ব্যবস্থাপনা গড়ে তুলে সবাইকে নিয়ে একসাথে এগিয়ে যেতে হবে।

স্থানীয় সরকার মন্ত্রী এ সময় রাজস্ব আদায়ের ক্ষেত্রে জনগণকে বুঝিয়ে সচেতন করার উপর গুরুত্ব আরোপ করেন। মোঃ তাজুল ইসলাম বলেন, মানুষ যখন দেখবে তাদের প্রদত্ত রাজস্ব তাদের উন্নয়নের এবং কল্যাণের কাজেই ব্যবহৃত হচ্ছে তখন তাদের রাজস্ব প্রদানে অনীহা দূর হবে। স্থানীয় সরকার মন্ত্রী এ সময় প্রতিটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে তাদের নিজ নিজ ইউনিয়নের আয় বৃদ্ধি করার ক্ষেত্রে গভীরভাবে চিন্তাভাবনা করার আহ্বান জানান।

তিনি এ সময় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের তাদের ইউনিয়নের দরিদ্র মানুষের ভাগ্যের উন্নয়নে পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান। প্রয়োজনে এলাকার আর্থিকভাবে স্বাবলম্বী ও ধনী মানুষদের হতদরিদ্র মানুষের পাশে দাঁড়ানোর উপায় খুঁজে বের করারও আহ্বান জানান স্থানীয় সরকার মন্ত্রী। এছাড়া গ্রাম আদালতের মাধ্যমে ইউনিয়নের বিভিন্ন সমস্যা সমাধান করে সমাজে শান্তি প্রতিষ্ঠা করা সম্ভব হলেও মনে করেন তিনি।

স্থানীয় সরকার মন্ত্রী এ সময় বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সমিতির সদস্যদের অনুরোধে তাদের ট্রাস্টে এক কোটি টাকা অনুদান প্রদান করার ঘোষণা দেন।

উল্লেখ্য, সারাদেশে প্রতিবছর স্থানীয় সরকার দিবস পালনের বিষয়ে মন্ত্রিসভার অনুমোদন পাওয়ার প্রেক্ষিতে এ সভা অনুষ্ঠিত হয়। সারাদেশে প্রতিবছর ২৫ শে ফেব্রুয়ারি স্থানীয় সরকার দিবস পালিত হবে তবে এ বছর ২৫ শে ফেব্রুয়ারি অতিক্রান্ত হওয়ার ফলে ৫ই সেপ্টেম্বর দিবসটি পালন করা হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা দিবসটি উদ্বোধন করবেন বলে আশা করা হচ্ছে।

সভায় আরো উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের সচিব মুহম্মদ ইবরাহিম, বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সমিতির সভাপতি মোঃ বেলায়েত হোসেন গাজী, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মোঃ শরীফ কামাল। এছাড়াও মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা এ সভায় অংশগ্রহণ করেন।

কৃতজ্ঞতা ও শ্রদ্ধায়-

মোঃ হেমায়েত আকবর টিপু  
তথ্য ও জনসংযোগ কর্মকর্তা  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
মোবাইল- ০১৫৫৬- ৩৩৫১৪২  
[ইমেইল-pro.lgd20@gmail.com](mailto:pro.lgd20@gmail.com)

সম্মানিত বার্তা সম্পাদক/ চিফ রিপোর্টার/ সি, ডিপিআইও( প্রেস)  
সকল সংবাদ মাধ্যম/ পিআইডি।

